


বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ে ৬৯তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন

নিজস্ব প্রতিনিধি: গত ১৫ আগস্ট বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ে ভারতের ৬৯তম স্বাধীনতা দিবস পালিত হয়। এই উপলক্ষে স্বাধীনতার অমর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশে জাতীয় পতাকা উত্তোলন করা হয় সেই সঙ্গে অনুষ্ঠিত হয় একটি আলোচনা সভা। আলোচনার মূল বিষয় ছিল—‘ভারতের স্বাধীনতা আন্দোলনের প্রেক্ষাপটে বাংলা ও বাঙালি’।

আলোচনায় বক্তব্য রাখেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞানের প্রাক্তন

অধ্যাপক ড: তরুণ কুমার ব্যানার্জী, জনপদ ইতিহাসবিদ অধ্যাপক কানাইপদ রায় এবং বারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের প্রধান উপদেষ্টা স্বপন কুমার মুখার্জী। অধ্যাপক কানাই পদ রায়, তাঁর বক্তব্যকে আঞ্চলিক ইতিহাসের প্রেক্ষাপটে তুলে ধরেন। পৌরহিত্য করেন গান্ধী স্মারক সংগ্রহালয়ের পরিচালন সমিতির সদস্য সলিল কুমার গুপ্ত। সংগ্রহালয়ের অধিকর্তা-সম্পাদক প্রতীক ঘোষ এ পদে নিযুক্ত হয়ে সমগ্র অনুষ্ঠানটিকে সুচারুভাবে সম্পন্ন করেন।



The report about the function for the observance of the 69th Independence Day celebration was published by the local periodical *Bibartan* in its issue of October 01, 2015.